দৈনিক সংবাদ

তারিখ ..2 5 SEP 1997 ... ...
পৃষ্ঠা ... ১ ... ... কলাম ... ১ ...

57

## বহিষ্কৃত পরীক্ষার্থীর হাতে প্রভাষক প্রহৃত

বরিশাল, ২৪শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ১ জন এইচএসসি পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করায় উক্ত পরীক্ষার্থী ঃ পৃঃ ৮ কঃ ৪

## প্রভাষক প্রহৃত

(১ম পাতার পর)

বহিষ্কৃত পরীক্ষার্থী ১ জন প্রভাষককে বেদম প্রহার করেছে।

আজ মঙ্গলবার উজিরপুর উপজেলায় বিএন খান কলেজ কেন্দ্রে পৌরনীতি ২য় পত্রের পরীক্ষা চলাকালে প্রভাষক রুহুল আমিন খান পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষার্থী সনাতন শীলকে বহিষ্কার করেন। পরীক্ষাশেষে সনাতন তার ২ ভাইকে সঙ্গে নিয়ে প্রভাষককে লোহার রড দিয়ে বেদম প্রহার করে। এ ব্যাপারে উজিরপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।